রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৪, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর
ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ২০ আষাঢ় ১৪১১/৪ জুলাই ২০০৪

এস, আর, ও নং ২০৬ আইন/২০০৪।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ নং অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ (এএফএমসি) এর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা—

(ক) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(খ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার, এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, কোন পদ অথবা পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন, যথা ঃ—

(অ) বেসামরিক কর্মকর্তা (প্রথম শ্রেণী) নিয়োগের ক্ষেত্রে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিয়োগকারী কর্তৃপক্ষ বলিয়া গণ্য হইবেন;



মূল্য ঃ টাকা ৪.০০

(আ) বেসামরিক কর্মকর্তা, ও কর্মচারী (দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণী) নিয়োগের ক্ষেত্রে, প্রিন্সিপাল, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, নিয়োগকারী কর্মকর্তা বলিয়া গণ্য হইবেন;

(গ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত পদ;

(ঘ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ঙ) "বোর্ড" অর্থ সরকার কর্তৃক গঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি বোর্ড;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোঁন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়, এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড, ইনষ্টিটিউট ও প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এ্যাডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহত ভাবে নিযুক্ত থাকাকালীন তাহার সর্বোচ্চ বয়স-সীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) বেসামরিক পদসমূহের ক্ষেত্রে, বোর্ডের সুপারিশ ব্যতিরেকে কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি না—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্য নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড, অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার, এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভূগিতেছেন না যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তি পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত হইয়া থাকে, বা এইরূপ তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য সরকারী কর্ম কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসসহ, যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বোর্ডের সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণী বা প্রথম শ্রেণী, এবং দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণী পদে বোর্ডের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করিতে হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরী বৃত্তান্ত ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস।**—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ, কারণ লিপিবদ্ধ করিয়া, শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারে, যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করে যে, উক্ত শিক্ষানবিসির আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসির মেয়াদকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে সংশ্লিষ্ট শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যেই পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যেই পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিধিমালার প্রাধান্য।**—(১) এই বিধিমালার কার্যকর হইবার সাথে সাথে এএফএমসি'র কর্মকর্তা কর্মচারীগণের নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম এই বিধিমালা অনুযায়ী পরিচালিত হইবে।

(২) এতদসংক্রান্ত বিদ্যমান অন্য যে কোন নির্দেশিকায় কিংবা নীতিমালায় ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী কার্যকর হইবে।

## তফসিল

[ বিধি ২ (ক) দ্রষ্টব্য ]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | অধ্যক্ষ, (ব্রিগেডিয়ার/মেজর জেনারেল) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রশাসনিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সেনাবাহিনীর মেডিক্যাল কোরের ব্রিগেডিয়ার বা মেজর জেনারেল পদবীর কর্মকর্তা। |
| ২। | উপ-অধ্যক্ষ, (কর্ণেল/ ব্রিগেডিয়ার) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | প্রশাসনিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সেনাবাহিনীর মেডিক্যাল কোরের কর্ণেল বা ব্রিগেডিয়ার জেনারেল পদবীর কর্মকর্তা। |
| ৩। | প্রশিক্ষক (প্রফেসর) বিশেষজ্ঞ, (কর্ণেল/ব্রিগেডিয়ার) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিষ্ট্রি, কমিউনিটি মেডিসিন, ফার্মাকোলজী, ফরেনসিক মেডিসিন, প্যাথলজী মাইক্রোবায়োলজী, মেডিসিন, পেডিয়াট্রিক্স, সার্জারী, মিড-ওয়াইফারী/গাইনীকোলজী এন্ড অবস্‌টেট্রিক্স, অর্থোপেডিকস্‌, অফথ্যালমোলজী, ইএনটি, ডার্মাটোলজী, সাইকিয়াট্রি, রেডিওলজী, ব্লাড ট্রাসফিউশন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সেনাবাহিনীর মেডিক্যাল কোরের কর্ণেল বা ব্রিগেডিয়ার জেনারেল পদবীর কর্মকর্তা।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন মেডিক্যাল কলেজের অধ্যাপক। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | প্রশিক্ষক (সহযোগী অধ্যাপক) বিশেষজ্ঞ, (লেঃ কর্ণেল/ কর্ণেল) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিষ্ট্রি, কমিউনিটি মেডিসিন, ফার্মাকোলজী, ফরেনসিক মেডিসিন, প্যাথলজী মাইক্রোবায়োলজী, মেডিসিন, পেডিয়াট্রিক্স, সার্জারী, এ্যানেসথেসিয়া, মিড-ওয়াইফারী/গাইনীকোলজী এন্ড অবস্‌টেট্রিক্স, অর্থোপেডিকস্‌, অফথ্যালমোলজী, ইএনটি, ডার্মাটোলজী, রেডিওলজী, ব্লাড ট্রান্সফিউশন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সেনাবাহিনীর মেডিক্যাল কোরের লেঃ কর্ণেল/কর্ণেল পদবীর কর্মকর্তা।<br><br>অথবা<br><br>সংশ্লিষ্ট বিষয়ে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন মেডিক্যাল কলেজের সহযোগী অধ্যাপক। |
| ৫। | প্রশিক্ষক (সহকারী অধ্যাপক) বিশেষজ্ঞ, (মেজর/লেঃ কর্ণেল) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিষ্ট্রি, কমিউনিটি মেডিসিন, ফার্মাকোলজী, প্যাথলজী মাইক্রোবায়োলজী, মেডিসিন, পেডিয়াট্রিক্স, সার্জারী, এ্যানেসথেসিয়া, মিড-ওয়াইফারী/ গাইনীকোলজী এন্ড অবস্‌টেট্রিক্স, অফথ্যালমোলজী, ইএনটি, রেডিওলজী, বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সেনাবাহিনীর মেডিক্যাল কোরের মেজর/লেঃ কর্ণেল পদবীর কর্মকর্তা। |
| ৬। | জিএসও-২ প্রশিক্ষণ (মেজর) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর মেডিক্যাল কোরের মেজর পদবীর কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | প্রশিক্ষক (সিনিয়র লেকচারার) বিশেষজ্ঞ, (মেজর) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | এনাটমী, ফিজিওলজী, বায়োকেমিষ্ট্রি, কমিউনিটি মেডিসিন, ফরেনসিক মেডিসিন, ফার্মাকোলজী, ও প্যাথলজী বিষয়ে এমবিবিএস ডিগ্রিসহ সেনাবাহিনীর মেডিক্যাল কোরের মেজর পদবীর কর্মকর্তা; তবে এই ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৮। | ডিএএএন্ডকিউএমজি (মেজর সমতুল্য) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বাংলাদেশ নৌ বাহিনীর লেফট্যানেন্ট-কমান্ডার বা লেফট্যানেন্ট এবং বিমান বাহিনীর স্কোয়াড্রন-লিডার বা ফ্লাইট-লেফট্যানেন্ট পদবীর কর্মকর্তা। |
| ৯। | জিএসও-২ সমন্বয় (মেজর সমতুল্য) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর মেডিক্যাল কোরের মেজর পদবীর কর্মকর্তা |
| ১০। | প্রশিক্ষক (লেকচারার) (ক্যাপ্টেন/মেজর) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | এনাটমী, ফরেনসিক মেডিসিন, ফিজিওলজী, বায়োকেমিষ্ট্রি, কমিউনিটি মেডিসিন, ফার্মাকোলজী, প্যাথলজী ও মাইক্রোবায়োলজী বিষয়ে এমবিবিএস ডিগ্রিসহ সেনাবাহিনীর মেডিক্যাল কোরের মেজর বা ক্যাপ্টেন পদবীর কর্মকর্তা। |
| ১১। | প্রশিক্ষক (সহকারী রেজিষ্টার) বিশেষজ্ঞ, (ক্যাপ্টেন/মেজর) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | এমবিবিএস ডিগ্রিসহ সাইকিয়াট্রি বিষয়ে স্নাতকোত্তর প্রশিক্ষণপ্রাপ্ত মেজর বা ক্যাপ্টেন পদবীর সেনাবাহিনীর মেডিক্যাল কোরের কর্মকর্তা। |
| ১২। | হিসাব ও মেসিং অফিসার (ক্যাপ্টেন সমতুল্য) | - | প্রেষণে বদলীর মাধ্যমে | বাংলাদেশ নৌ বাহিনীর লেফট্যানেন্ট-কমান্ডার বা লেফট্যানেন্ট এবং বিমান বাহিনীর স্কোয়াড্রন-লিডার বা ফ্লাইট-লেফট্যানেন্ট পদবীর কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | নায়েব সুবেদার/সুবেদার | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর মেডিক্যাল কোরে কর্মরত সুবেদার বা নায়েব সুবেদার পদবীর জেসিও,<br>অথবা<br>*সেনাবাহিনীর মেডিক্যাল কোরে করণিক ট্রেডে, এসএমটি ট্রেডে বা জিডিএ ট্রেডে কর্মরত সুবেদার বা নায়েব সুবেদার পদবীর জেসিও। |
| ১৪। | হাবিলদার | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর এসিসি কোরে কর্মরত হাবিলদার বা সেনাবাহিনীর মেডিক্যাল কোরে জিডিএ ট্রেডে বা এমটি ট্রেডে কর্মরত, বা ল্যাবরেটরী টেকনিশিয়ান বা স্যানিটারী এ্যাসিস্ট্যান্ট হিসাবে কর্মরত, অথবা ল্যাবরেটরী এ্যাসিস্ট্যান্ট হিসাবে কর্মরত এবং Sterilizer & Media Preparation এ অভিজ্ঞতা সম্পন্ন হাবিলদার পদবীর কর্মকর্তা। |
| ১৫। | নায়েক | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর মেডিক্যাল কোরে জিডিএ ট্রেডে, এমটি ট্রেডে বা এসএমটি ট্রেডে কর্মরত বা ল্যাবরেটরী টেকনিশিয়ান, ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট অথবা স্যানিটারী এ্যাসিস্ট্যান্ট হিসাবে কর্মরত নায়েক পদবীর কর্মকর্তা। |
| ১৬। | ল্যান্স নায়েক/নায়েক | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর মেডিক্যাল কোরে ল্যাবরেটরী টেকনিশিয়ান হিসাবে কর্মরত ল্যান্স নায়েক বা নায়েক পদবীর কর্মকর্তা। |
| ১৭। | সিপাহী/ল্যান্স নায়েক | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর মেডিক্যাল কোরে এমটি ট্রেডে, জিডিএ ট্রেডে, এসএমটি ট্রেডে কর্মরত, অথবা সেনাবাহিনীর ইএমই কোরে ইএমই ট্রেডে কর্মরত সিপাহী/ল্যান্স নায়েক পদবীর কর্মকর্তা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৮। | সিপাহী | - | প্রেষণে বদলীর মাধ্যমে | সেনাবাহিনীর মেডিক্যাল কোরে জিডিএ ট্রেডে কর্মরত সিপাহী পদবীর কর্মকর্তা। |
| ১৯। | সিজিও-১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ক। পদোন্নতির জন্য ঃ এ্যাসিসটেন্ট লাইব্রেরীয়ান (সিজিও-২) পদে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা,<br>খ। সরাসরি নিয়োগের জন্য ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ২০। | সিজিও-২/১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) একাডেমিক সেক্রেটারীর জন্যঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;*<br>(খ) মডেলার পদের জন্যঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন ফাইন আর্টস-এ ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;*<br>(গ) ট্যাক্সিডার্মিষ্ট পদের জন্যঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণীবিদ্যায় ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;*<br>(ঘ) কিউরেটর পদের জন্য ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণীবিদ্যায় ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী<br>(*) অথবা এনাটমীতে বিশেষ শিক্ষাসহ এমবিবিএস ডিগ্রী; তবে সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইবে;<br>(ঙ) আর্টিষ্ট/ডিজাইনার পদের জন্যঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন ফাইন আর্টস-এ ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;* এবং |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (চ) এন্টোমলজিষ্ট পদের জন্যঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এন্টোমলজিতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী,* এন্টোমলজিতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রাণী বিদ্যায় সম যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে বিবেচনা করা যাইতে পারে।<br><br>* এক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের এসআরও নম্বর ৩০১ আইন/২০০৩ সম (বিধি-৫) ২৫/২০০৩ তারিখ ২৫-১০-২০০৩ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতার শর্ত প্রযোজ্য হইবে। |
| ২১। | সিজিও-২ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) <u>কম্পিউটার অপারেটর পদের জন্য</u> ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন কম্পিউটার বিজ্ঞানে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রী; এস এস সি, এইচ এস সি ও স্নাতক এই তিনটির মধ্যে কমপক্ষে দুইটিতে ২য় বিভাগ/শ্রেনী থাকিতে হইবে; এবং<br><br>(খ) <u>এ্যাসিষ্ট্যান্ট লাইব্রেরীয়ান পদের জন্য</u> ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীনে গ্রন্থগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাসহ ২য় শ্রেনীর স্নাতক ডিগ্রী। |
| ২২। | ধর্মীয় শিক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ফাজেল ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩। | সিনিয়র মেডিক্যাল টেকনোলজিষ্ট (ল্যাবরেটরী) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য কোন প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ক। পদোন্নতির জন্যঃ মেডিক্যাল টেকনোলজিষ্ট পদে (ফিজিওলজী বা ফার্মাকোলজী ল্যাবরেটরীতে) ৬ বৎসরের চাকুরী;<br>খ। সরাসরি নিয়োগের জন্য ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রাণীবিদ্যা ও রসায়ন বিদ্যাসহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এস এস সি, এইচ এস সি ও স্নাতক এই তিনটির মধ্যে কমপক্ষে দুইটিতে ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে। |
| ১৪। | ল্যাবরেটরী টেকনিশিয়ান (এন্টোমোলজী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নসহ বিজ্ঞানে স্নাতক ডিগ্রী; এস এস সি, এইচ এস সি ও স্নাতক এই তিনটির মধ্যে কমপক্ষে দুইটিতে ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে,<br>অথবা<br>ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি হইতে, অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীনে, সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স সম্পন্ন,<br>অথবা<br>এন্টোমোলজি ল্যাবরেটরীতে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ ২য় বিভাগে এইচ এস সি (জীব বিজ্ঞান সহ) উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৫। | মেডিক্যাল টেকনোলজিষ্ট (ল্যাবরেটরী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগ মাধ্যমে | কোনস্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে রসায়ন ও প্রাণীবিদ্যাসহ বিজ্ঞানে ন্যূনতম স্নাতক ডিগ্রী; এস এস সি, এইচ এস সি ও স্নাতক পরীক্ষার মধ্যে কমপক্ষে দুইটিতে ২য় বিভাগ/শ্রেণী থাকিতে হইবে,<br>অথবা<br>ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি হইতে, অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন, সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স সম্পন্ন,<br>অথবা<br>ফিজিওলজী বা ফার্মাকোলজী (ল্যাবরেটরী) বিভাগে ৩ বৎসরের অভিজ্ঞতাসহ ২য় বিভাগে এইচ এস সি (জীব বিজ্ঞান সহ) উত্তীর্ন। |
| ২৬। | মডেলরুম টেকনিশয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন 'ডিপ্লোমা ইন ফাইন আর্টস' কোর্স সম্পন্ন,<br>অথবা<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন কমপক্ষে তিন বৎসর ফাইন আর্টস এ বাস্তব অভিজ্ঞতাসহ ২য় বিভাগে এইচ এস সি (বিজ্ঞান)। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৭। | মেডিক্যাল টেকনোলজিষ্ট (ফার্মেসী) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে স্নাতক ডিগ্রী: এস এস সি, এইচ এস সি ও স্নাতক এই তিনটির মধ্যে কমপক্ষে দুইটিতে ২য় বিভাগ/শ্রেনী থাকিতে হইবে,<br>অথবা<br>ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি হইতে, অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন, সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স সম্পন্ন,<br>অথবা<br>২য় বিভাগে এইচ এস সি (জীব বিজ্ঞান) সহ ফার্মাকোলজী ল্যাবরেটরীতে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২৮। | ক্যাটালগার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ২য় বিভাগে এস এস সি সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে সার্টিফিকেট কোর্স সম্পন্ন। |
| ২৯। | ইলেক্ট্রো মেডিক্যাল টেকনিশিয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ২য় বিভাগে এইচ এস সি সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন টেকনিক্যাল ট্রেড (ইলেকট্রিক্যাল) কোর্স সম্পন্ন। |
| ৩০। | লাইব্রেরী সহকারী কাম টাইপিষ্ট/ডাটা এন্ট্রি অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ২য় বিভাগে এইচ এস সি সহ প্রতি মিনিটে টাইপিং গতি ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০টি ও ২৫টি শব্দ ও কম্পিউটার জ্ঞান আবশ্যক ;<br>এক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের সাধারণ নিয়োগ বিধি প্রযোজ্য হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩১। | ইউডিসি/এলডিসি কাম টাইপিষ্ট/ডাটা এন্ট্রি অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ২য় বিভাগে এইচ এস সি সহ কম্পিউটার জ্ঞান আবশ্যক ; এক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের সাধারণ নিয়োগ বিধি প্রযোজ্য হইবে। |
| ৩২। | অডিওভিজুয়াল সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ২য় বিভাগে এইচ এস সি সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের অধীন টেকনিক্যাল (ইলেকট্রিক্যাল)/ইলেকট্রোনিক্স ট্রেড কোর্স সম্পন্ন। |
| ৩৩। | সাইকিয়াট্রিক সোসাল ওয়ার্কার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ২য় বিভাগে এইচ এস সি সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সোসলজি বা সোসাল ওয়েলফেয়ার বা মনোবিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ৩৪। | পেইন্টার | ৩০ বৎসর | বহিঃস্থ উৎস হইতে নিয়োগের মাধ্যমে (Out Sourcing/সেবা ক্রয় (Buy Service) এর মাধ্যমে | |
| ৩৫। | বুক বাইন্ডার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ২য় বিভাগে এস এস সি সহ সংশ্লিষ্ট বিষয়ে ২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৬। | বাটলার | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | ক। পদোন্নতির জন্য ঃ মেসওয়েটার পদে ৮ বৎসরের বাস্তব অভিজ্ঞতা<br>খ। সরাসরি নিয়োগের জন্য ঃ ২য় বিভাগে এস এস সি সহ ক্যাটারিং কাজে ৪ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৭। | এম এল এস এস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | এস এস সি উত্তীর্ণ। |
| ৩৮। | মেস ওয়েটার (পুরুষ ও মহিলা) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | এস এস সি সহ সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৯। | পাচক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | এস এস সি সহ পাচক হিসাবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| ৪০। | মসালচি | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | এস এস সি উত্তীর্ণ। |
| ৪১। | মালী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | মালী হিসাবে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। |
| ৪২। | চৌকিদার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে (অবসর প্রাপ্ত সেনা কর্মচারীদের ক্ষেত্রে বয়স সীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিল যোগ্য) | এস এস সি উত্তীর্ণ ; এ ক্ষেত্রে অবসর প্রাপ্ত সেনা কর্মচারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪৩। | ইউ এস এম | ৩০ বৎসর | কাজ নাই মজুরী নাই (কানামনা) পদ্ধতিতে নিয়োগের মাধ্যমে | এস এস সি উত্তীর্ণ। |
| ৪৪। | ডোম | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪৫। | সুইপার | ৩০ বৎসর | কাজ নাই মজুরী নাই (কানামনা) পদ্ধতিতে নিয়োগের মাধ্যমে | পেশাগত কাজে বাস্তব অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম এহসানুল হক**
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।